ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৩৯২

আগরতলা, ২৪ অক্টোবর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

দৈনিক সংবাদ পত্রিকায় গত ২২ অক্টোবর, ২০২৫ তারিখে 'এডিসিতে বিভিন্ন কাজ বন্ধ উপজাতিদের জীবিকায় টান' শিরোনামে প্রকাশিত সংবাদটি ধলাই জোনের জোনাল ডেভেলপমেন্ট অফিসার কার্যালয়ের নজরে এসেছে। এ বিষয়ে জোনাল ডেভেলপমেন্ট অফিসার এক স্পষ্টিকরণে জানিয়েছেন যে, প্রকাশিত সংবাদে দাবি করা হয়েছে যে, এডিসিতে বিভিন্ন উন্নয়নমূলক কাজ বন্ধ করে দেওয়া হয়েছে। যার ফলে জনজাতি পরিবারগুলির মধ্যে জীবিকা নির্বাহের সমস্যা দেখা দিয়েছে যা সত্য নয়। প্রকৃত তথ্য হচ্ছে টিটিএএডিসি'র অধীন বিভিন্ন দপ্তর যেমন, গ্রামোন্নয়ন, কৃষি, উদ্যান পালন, প্রাণীসম্পদ, হস্ততাঁত ও হস্তশিল্প, পানীয়জল এবং অন্যান্য জীবিকা ভিত্তিক কর্মসূচির মত ক্ষেত্রগুলিকে অন্তর্ভুক্ত করে একাধিক প্রকল্প বাস্তবায়ন করছে। যদি কোন অস্থায়ী বিলম্ব হয়ে থাকে তবে তা কেবল প্রক্রিয়াগত বা প্রশাসনিক কারণে হতে পারে এবং সমস্ত কাজ সুষ্ঠভাবে চালিয়ে যাবার জন্য ইতিমধ্যেই প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হচ্ছে। ধলাই জোনের অধীন দপ্তরগুলি দ্বারা বাস্তবায়িত বিভিন্ন চলমান এবং আয়ের সুযোগ সৃষ্টির সম্পর্কিত প্রকল্পগুলির মাধ্যমে জনজাতি সুবিধাভোগীদের জীবিকা প্রদানে নিয়মিত সহায়তা করা হচ্ছে।

******